দৈনিক ইত্তেফাক

তারিখ 05 FEB 1989
পৃষ্ঠা 5 কলাম 6

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

22

# বরিশালের নৈশ মহাবিদ্যালয়টি বন্ধ হওয়ার উপক্রম

বরিশাল, ৩১শে জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।-বরিশাল শহরের একমাত্র নৈশ মহাবিদ্যালয়টি বন্ধ হওয়ার উপক্রম হয়েছে। ১৯৬৬ সনে ব্রজ মোহন স্কুল ভবনে বরিশাল নৈশ মহাবিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। ১৯৬৮ সালে একই শিক্ষক ও কর্মচারী দিয়ে মহাবিদ্যালয়ের দিবা বিভাগ চালু হয়। ১৯৮৬ সালে বরিশাল নৈশ মহাবিদ্যালয়ের দিবা বিভাগটি সরকারীকরণ করা হয়। এরপর থেকে মহাবিদ্যালয়ের নৈশ বিভাগটি পরিচালনা করায় জটিলতা দেখা দিয়েছে এবং বন্ধ হওয়ার উপক্রম হয়েছে। মহাবিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীরা নৈশ বিভাগটিও সরকারীকরণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দাবী জানিয়েছেন।